

**লংকাবাংলা ফাইন্যান্স লিঃ ও কনকর্ড রিয়েল এস্টেট এবং ডেভেলপমেন্ট লিঃ এর মধ্যে সমঝোতা
চুক্তি স্বাক্ষর**



সম্প্রতি লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড এর হেড অফ রিটেইল ফাইন্যান্স খোরশেদ আলম এবং কনকর্ড রিয়েল এস্টেট ও ডেভেলপমেন্ট লিমিটেড এর হেড অফ মার্কেটিং এবং সেলস জনাব চন্দন কুমার দাস নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন। এই চুক্তির মাধ্যমে কনকর্ড রিয়েল এস্টেট ও ডেভেলপমেন্ট লিঃ এর গ্রাহকেরা সহজ শর্তে ও বিশেষ সুবিধায় লংকাবাংলা ফাইন্যান্স থেকে হোম ও মর্টগেজ লোন সুবিধাদি পাবেন এবং কনকর্ড রিয়েল এস্টেট ও ডেভেলপমেন্ট লিঃ থেকে অ্যাপার্টমেন্ট/কমার্শিয়াল স্পেস ক্রয়ের জন্য লংকাবাংলা ফাইন্যান্স এর গ্রাহকগণ ও কর্মকর্তাবৃন্দ বিশেষ ছাড় পাবেন।

অনুষ্ঠানে লংকাবাংলা ফাইন্যান্স লিঃ এর সিনিয়র ম্যানেজার, হোম অ্যান্ড মর্টগেজ লোন, মোঃ শাহরিয়ার পারভেজ এবং কনকর্ড রিয়েল এস্টেট ও ডেভেলপমেন্ট লিঃ এর উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ নূর নবী সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।